



নীলফামারী : একটি ডিগ্রি পরীক্ষার কেন্দ্র পরিদর্শন করছেন শিক্ষা প্রতিমন্ত্রী এহসানুল হক মিলন

নীলফামারী পরীক্ষা কেন্দ্র
শিক্ষামন্ত্রী নিজ হাতেই ২১
পরীক্ষার্থীকে বহিষ্কার করলেন

নীলফামারী থেকে নিজস্ব সংবাদদাতা : শিক্ষা প্রতিমন্ত্রী এহসানুল হক মিলন ৪ঠা জানুয়ারি জেলার ৩টি ডিগ্রি পরীক্ষা কেন্দ্র প্রশাসনিক লোকজন ছাড়া একাই আকস্মিকভাবে পরিদর্শন করে ২১ জন পরীক্ষার্থীকে নকলসহ হাতেনাতে ধরে তাদের বহিষ্কার করেন। এ সময় তিনি পরীক্ষার্থীদের দেহ তত্ত্বাশি করে এক বস্তা নকল উদ্ধার করেন এবং এক পরীক্ষার্থীকে পুলিশে সোপর্দ করেন। তার বিরুদ্ধে পরীক্ষা আইনের ১১(গ) ধারায় নীলফামারী থানায় মামলা করা হয়। মন্ত্রী সকালে তার নির্ধারিত : : : না গিয়ে সরাসরি প্রথমে চলে যান নীলফামারী সরকারি কলেজ কেন্দ্রে। সেখানে কেন্দ্রের তদুপরে গাড়ি রেখে পায়ে হেঁটে নীরবে ঢুকে পড়েন পরীক্ষা কেন্দ্রে। সেখানে দেখেন নকলের মহোৎসব। আসে থেকে মন্ত্রী আসার আভাস না পাওয়ায় এবং প্রশাসনিক তদায়কি না থাকায় খোলামেলা নকল হাট্টিল। সেখানে তিনি ৪ জনকে বহিষ্কার করে চলে যান গভ. গার্লস স্কুল ডেনুতে। সেখানে ৮ পরীক্ষার্থীকে বহিষ্কার করে পরীক্ষার শেষ মুহূর্তে মশিউর রহমান কলেজে গিয়ে আরও ডায়বহ অবস্থা দেখতে পান। এখানে ৯ জনকে বহিষ্কার

করেন। পরিদর্শনের পর তিনি সাংবাদিকদের জানান, ৮০ ভাগ পরীক্ষার্থী নকল করছে। তিনি সব নকলবাজকে ধরলে ৫০ ভাগ পরীক্ষার্থীই বহিষ্কার হতো। মন্ত্রী বলেন, নকল প্রতিরোধের দায়িত্বে আছেন যেসব শিক্ষক, তারাই নকলে সহায়তা করছেন। তিনি কোভের সঙ্গে জানান, এক শিক্ষিকা এক পরীক্ষার্থীর নকল নিয়ে তার নিজের জ্যানিট ব্যাগে ঢুকিয়েছেন।